

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি বিপণন অধিদপ্তর
আইসিটি শাখা
www.dam.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১৭.৩২.০০৩.১৮.৮৫

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৫
০১ আগস্ট ২০১৮

বিষয়: জেলা থেকে সংগৃহীত বাজারদর ওয়েবসাইটে এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার আওতাধীন জেলা সমূহের বাজার থেকে দৈনন্দিন বাজারদর সংগ্রহ করা এবং সংগৃহীত বাজারদর নিয়মিত কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে এন্ট্রিকরণের জন্য ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। সমগ্র বাংলাদেশের ৬৪টি জেলা থেকে সংগৃহীত নিত্য প্রয়োজনীয় কৃষিপণ্যের দৈনিক বাজারদর কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে জাতীয় গড় বাজারদর হিসেবে প্রদর্শিত হচ্ছে। আপনার জেলার সংগৃহীত বাজারদর নিয়মিত এন্ট্রিকরণ না করা, এমনকি নির্ধারিত সময়ের মধ্যে এন্ট্রিকরণ সম্পন্ন না করায় দৈনিক জাতীয় গড় বাজারদরে কোন প্রভাব ফেলছে না এবং বাজারদরের হ্রাস/ বৃদ্ধি অনেক সময় ভুল পরিলক্ষিত হচ্ছে, যেটি সম্পূর্ণ অনাকাঙ্ক্ষিত এবং অনভিপ্রেত। আপনি অবগত আছেন যে যৌক্তিক মূল্য নিশ্চিতকরণে কৃষি বিপণন অধিদপ্তর ওয়েবসাইটের মাধ্যমে বাজারদর স্ফলিং আকারে প্রকাশ করছে যেটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় অবলোকন করছে এবং বিভিন্ন স্টেকহোল্ডার প্রাইস ইনফরমেশন থেকে উপকৃত হচ্ছে। এ প্রেক্ষিতে এখন থেকে নিয়মিত সংগৃহীত বাজারদর প্রতিদিন দুপুরঃ ১.০০ ঘটিকার মধ্যে অবশ্যই এন্ট্রিকরণ সম্পন্ন করতে হবে। অন্যথায় এর কোনরূপ ব্যত্যয় ঘটলে সেটির দায় সম্পূর্ণরূপে আপনার উপর বর্তাবে।

এমতাবস্থায়, প্রতিদিন নির্ধারিত সময়ের মধ্যে বাজারদর এন্ট্রিকরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।



১৮-৮-১৮

মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক

সকল জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারী

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১৭.৩২.০০৩.১৮.৮৫/১(৯)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৫
০১ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সকল বিভাগীয় উপপরিচালক
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাজার সংযোগ শাখা, কৃষি বিপণন অধিদপ্তর
- ৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর



১৮-৮-১৮

মোঃ মাহবুব আহমেদ